



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৫.১২.২০২৩

### প্রেস রিলিজ

#### পাবিপ্রবি ফুটবল টুর্নামেন্টের চ্যাম্পিয়ন সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে গতকাল ৪ ডিসেম্বর বিকালে আন্ড্রবিভাগ ফুটবল প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। এতে চ্যাম্পিয়ন হয়েছে বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং রানার্সআপ হয়েছে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ (ইইই)।

সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন এবং সভাপতিত্ব করেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্‌জ্জা কামাল খান।

এসময় আরও উপস্থিত ছিলেন প্রক্টর ড. মো. কামাল হোসেন, ছাত্র উপদেষ্টা ড. মো. নাজমুল হোসেনসহ বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ে শারীরিক শিক্ষা দপ্তরের উদ্যোগে আয়োজিত এ টুর্নামেন্টে খেলার প্রথমার্ধে দুই দলকেই গোল শূন্য থাকতে হয়। দ্বিতীয়ার্ধের ৫ মিনিটের মধ্যে ইইই বিভাগ গোল দিতে সক্ষম হয়। অপর দিকে ২৫ মিনিটের মাথায় ডি বক্সের ভিতরে করা ফাউলে পেনাল্টি পায় সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ। এ সুযোগ কাজে লাগিয়ে দলকে ১-১ গোলের সমতায় ফেরায় উৎসব কুমার দাস। তারপর খেলায় আর কোনো গোল দেখা পায়নি কোনো দল। ফলে ১-১ গোলে ম্যাচটি ড্র হলে, খেলা গড়ায় ট্রাইবেকারে। পরে ট্রাইবেকারে ৪-৩ গোলে ইইই বিভাগকে পরাজিত করে টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয় সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ।

টুর্নামেন্টে সেরা গোলরক্ষক হয়েছেন সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থী উৎসব কুমার দাস, ম্যান অব দ্য টুর্নামেন্ট নির্বাচিত হয়েছেন একই বিভাগের শিক্ষার্থী হাসিবুল হাসান সান্ডু এবং এই টুর্নামেন্টে সর্বোচ্চ গোল দাতা হয়েছেন ইতিহাস বিভাগের শিক্ষার্থী তানভির হাসান শান্ডু।

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।